গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
চুনারুঘাট সরকারি কলেজ
চুনারুঘাট, হবিগঞ্জ।

ফোন-০২৯৯৬৬০৮৪৫৯ ই-মেইল ঃ chunarughatgovtcollege@yahoo.com

বিজ্ঞপ্তি নম্বর : ২০২৫/৫৭ তারিখ : ২৮-০১-২০২৫খ্রিস্টাব্দ.

# ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি বিজ্ঞপ্তি

**অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও করণীয় :**

| করণীয় | তারিখ |
|---|---|
| অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের তারিখ | ২১/০১/২০২৫ থেকে ২৮/০২/২০২৫ তারিখ পর্যন্ত |
| প্রাথমিক আবেদন ফি বাবদ ৭০০/- (সাতশত টাকা) ব্যাংকের পে-ইন-স্লিপের মাধ্যমে জমা দেয়ার তারিখ | ২৮/০১/২০২৫ থেকে ০২/০৩/২০২৫ তারিখ পর্যন্ত |
| ভর্তি পরীক্ষার তারিখ | ০৩/০৫/২০২৫খ্রি.<br>সময়: সকাল ১১.০০ টা থেকে দুপুর ১২.০০ টা পর্যন্ত) |

| ফরমপূরণের ধাপসমূহ | করণীয় |
|---|---|
| লগইন (Login) | আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) Honours Tab- এ গিয়ে Apply Now (Honours) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটটে প্রদর্শিত তথ্য ছকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষা বোর্ড, পাসের সন ও একটি নিবন্ধিত মোবাইল নম্বর (নিজের অথবা অভিভাবকের) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। উল্লেখ্য যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে ভবিষ্যতে শিক্ষার্থীর শিক্ষা সহায়ক সকল তথ্য প্রদানের ক্ষেত্রে এই মোবাইল নম্বরটি ব্যবহার করা হবে। |
| সঠিক লিঙ্গ নির্ধারণ | এ পর্যায়ে আবেদনকারীর অনলাইনে সংরক্ষিত ডাটাবেজের তথ্য অনুযায়ী Male/Female প্রদর্শিত হবে। আবেদনকারীর তথ্য ছক Male এর স্থলে Female বা Female এর স্থলে Male প্রদর্শিত হলে Click to Change অপশনে গিয়ে Gender এন্ট্রি দিতে হবে। |
| কলেজ পছন্দ | আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলাভিত্তিক যে কোন কলেজের নাম Select করলে সংশ্লিষ্ট কলেজের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির অধিভুক্ত বিষয়সমূহের নাম ও আসন সংখ্যা দেখতে পাবে। |
| বিষয় পছন্দক্রম | ওয়েবসাইটের তথ্য ছক থেকে পছন্দ অনুযায়ী একটি কলেজ Select করলে আবেদনকারী সংশ্লিষ্ট কলেজে তার ভর্তি যোগ্য (Eligible) বিষয়ের তালিকা দেখতে পাবে এবং এই তালিকা থেকে আবেদনকারীকে সতর্কতার সঙ্গে তার প্রার্থিত বিষয়ের পছন্দক্রম নির্ধারণ করতে হবে। এই পছন্দক্রম অনুসারে মেধার ভিত্তিতে বিষয় বরাদ্দ দেয়া হবে। |
| কোটা | মুক্তিযোদ্ধার সন্তান/ক্ষুদ্র নৃগোষ্ঠী/বিশেষ চাহিদা সম্পন্ন /ভিন্নভাবে সক্ষম/ ও পোষ্য কোটায় ভর্তি হতে ইচ্ছুক আবেদনকারীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্যে কোটা Select করতে হবে। উল্লেখ্য যে, পোষ্য কোটায় শুধুমাত্র জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান/সন্তানাদি আবেদন করতে পারবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে। একজন প্রার্থী এক বা একাধিক কোটায় যোগ্য হলে কোটার পছন্দক্রম নির্ধারন করে দিতে হবে। |
| ছবি সংযোজন | প্রাথমিক আবেদন ফরম পূরণের সময় আবেদনকারীর পাসপোর্ট আকারে সম্প্রতি তোলা রঙ্গিন ছবি Scan করে আপলোড করতে হবে। ছবির মাপ 120×150 Pixels, Image, Type: jpg Maximum file size:50 kb হতে হবে। আবেদনকারীর ছবি ব্যতীত অন্য কোন ছবি প্রাথমিক আবেদন ফরমে আপলোড করা হলে ঐ আবেদনকারীর ভর্তি বাতিল বলে গণ্য হবে। |
| ফরম চূড়ান্তকরণ | সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে প্রথমে ফরমটি Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর Application Id ও PIN কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে প্রিন্ট কপি সংগ্রহ করতে হবে। |

| | |
|---|---|
| আবেদন ফরম বাতিলকরণ/ত্রুটিপূর্ণ ছবি পরিবর্তন | আবেদনকারীকে তার প্রাথমিক আবেদন ফরমের সকল তথ্য সঠিকভাবে যাচাই করতে হবে। আবেদন ফরমে তথ্যগত অমিল বা ত্রুটিপূর্ণ ছবি থাকলে তা সংশোধন করতে হবে। আবেদন ফরম সংশোধনের জন্য প্রার্থীকে Applicant Login অপশনে Honours login লিংকে গিয়ে আবেদন ফরমের Application Id ও PIN এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারী Form Cancel/Photo Change Option এ গিয়ে Click to Generate the security key অপশনটি ক্লিক করলে তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে One Time Password (OTP) পাবে। এই OTP এন্ট্রি দিয়ে আবেদনকারী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরমপূরণ ও প্রকৃত ছবি আপলোড করতে পারবে। ** তবে কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চায়ন করার পর তা আর বাতিল করা যাবে না। আবেদনকারী শুধুমাত্র একবারই ছবি পরিবর্তনের সুযোগ পাবে। |
| ফরম পুরণের প্রাথমিক আবেদন ফি প্রদান | আবেদনপত্রের প্রিন্ট কপি প্রদর্শনপূর্বক পে-ইন স্লিপ (রশিদ) কলেজ অফিস হতে সংগ্রহ করে পুবালী ব্যাংক লিঃ, চুনারুঘাট শাখায় প্রাথমিক আবেদন ফি বাবদ ৭০০/-(সাতশত টাকা) জমা প্রদান করে রশিদের অফিস কপি ও প্রাথমিক আবেদনের প্রিন্ট কপি (সকাল ১০.০০ টা হতে দুপুর ১.০০ টার মধ্যে) স্নাতক (সম্মান) কার্যালয়ে জমা প্রদান করতে হবে। |
| ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড | ক. ভর্তি পরীক্ষার নির্ধারিত তারিখের ০৭ দিন পূর্বে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Applicant Login অপশন থেকে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে। উল্লেখ্য যে, শিক্ষার্থীর প্রবেশপত্রে ভর্তি পরীক্ষার রোল নম্বর ও পরীক্ষার কেন্দ্রের নাম উল্লেখ থাকবে এবং শিক্ষার্থীকে উক্ত কেন্দ্রে উপস্থিত থেকে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।<br>খ. পরীক্ষার্থীকে অবশ্যই ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ও এইচএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড নিয়ে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে। |
| দ্বৈত ভর্তি বাতিল সংক্রান্ত | ক. জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৩-২০২৪শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান)/ স্নাতক (সম্মান) প্রফেসনাল / স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে না।তবে এ সকল শিক্ষার্থী ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে ইচ্ছুক হলে তাদের অবশ্যই পূর্ববর্তী ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করতে হবে। |
| | খ. স্নাতক (সম্মান)/ স্নাতক (সম্মান) প্রফেসনাল / স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। |
| জরুরি যোগাযোগ | জনাব মো: রবিউল হোসেন, সহকারী অধ্যাপক, ইতিহাস বিভাগ। ০১৬০৯২৮৮৫৫৮<br>জনাব মোছা: জেসমিন আক্তার, প্রভাষক, বাংলা বিভাগ। ০১৭৬৫৩৫৯৭৭৫ |

** বিঃদ্রঃ প্রাথমিক আবেদনের প্রিন্ট কপি ও ব্যাংকে টাকা জমার রশিদের কপি নির্ধারিত তারিখের মধ্যে কলেজ অফিসে জমা প্রদান না করলে নিশ্চায়ন সম্পন্ন করা সম্ভব হবে না। ফলে প্রাথমিক আবেদন স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে। তাই বিজ্ঞপ্তিতে উল্লিখিত সময়ে প্রাথমিক আবেদনের প্রিন্ট কপি ও টাকা জমার রশিদের কপি সুনির্দিষ্ট ডেস্কে জমা প্রদান করতে হবে।

২৮/০৯/২০২৪

মো: রবিউল হোসেন
সহকারী অধ্যাপক, ইতিহাস
ও
আহ্বায়ক
২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক
(সম্মান) শ্রেণির ভর্তি পরিচালনা কমিটি
চুনারুঘাট সরকারি কলেজ
চুনারুঘাট, হবিগঞ্জ।